



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেলিযোগাযোগ অধিদপ্তর

মহাপরিচালকের কার্যালয়

DOT
DEPARTMENT OF
TELECOMMUNICATIONS

৪২৩~৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। www.telecomdept.gov.bd

নং-১৪.৩০.০০০০.২১৬.৯৯.৪৪৫.১৭.০১১

তারিখ: ১৫ মাঘ ১৪২৪
২৮ জানুয়ারী ২০১৮

অফিস আদেশ

টেলিযোগাযোগ অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণ (এ অধিদপ্তরে অথবা, প্রেষণে/লিয়েনে/সংযুক্ত হিসেবে অন্য প্রতিষ্ঠানে কর্মরত)-এর নিকট থেকে বিভিন্ন বিষয়ে প্রাপ্ত আবেদন, প্রস্তাব ইত্যাদি পরীক্ষান্তে দেখা যায় যে, অনেক ক্ষেত্রে আবেদন/প্রস্তাব লিখনে বা প্রস্তুতকরণে প্রচলিত বিধি-বিধান/রীতি অনুসরণ করা হয়না। ঐ সকল ক্ষেত্রে এ অধিদপ্তর অথবা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (পিটিডি) কর্তৃক যথাযথ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়না। উদ্ভূত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর অনুসন্ধানের প্রয়োজন হয়, যা সময়সাপেক্ষ। ফলশ্রুতিতে, কর্মকর্তা/কর্মচারীগণ একদিকে যেমন তাদের কাঙ্ক্ষিত সেবা থেকে বঞ্চিত হন, অন্যদিকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী অথবা, প্রতিষ্ঠানের প্রতি যথাযথ কর্তৃপক্ষ বিরূপ মনোভাব পোষণ করে থাকেন, যা কোনোভাবেই কাম্য নয়।

২। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যথাসম্ভব দ্রুততম সময়ে কাঙ্ক্ষিত সেবা প্রদানের লক্ষ্যে আবেদন/প্রস্তাব প্রেরণের সময় নিম্নে উল্লিখিত সাধারণ নির্দেশনাবলীর প্রতি যত্নবান হয়ে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১) প্রেষণে/লিয়েনে/সংযুক্তি হিসেবে অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত থাকলে কর্মরত প্রতিষ্ঠানের পদবীর পূর্বে মূল প্রতিষ্ঠানের পদবীর উল্লেখ করা (যেমন: ডিওটি'র একজন বিভাগীয় প্রকৌশলী, জনাব 'ক', বিটিসিএল-এ পরিচালক পদে প্রেষণে/লিয়েনে কর্মরত থাকলে, তাঁর সঠিক পরিচিতি হবে: “ জনাব 'ক', বিভাগীয় প্রকৌশলী, ডিওটি, প্রেষণে/লিয়েনে পরিচালক, বিটিসিএল”);
- ২) অনুমোদনকারী কর্তৃপক্ষকে সম্বোধন করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (প্রয়োজ্য ক্ষেত্রে) আবেদন করা;
- ৩) আবেদন/প্রস্তাব এ উল্লিখিত সূত্রোস্থ পত্রের কপি, প্রয়োজ্য বিধির প্রয়োজনীয় অংশের ফটোকপি যথাযথভাবে সংযুক্ত করা এবং প্রয়োজ্য অংশ হাইলাইট করা;
- ৪) অন্য কোনো রূপ নির্দেশনা না থাকলে, অনুমোদনকারী কর্তৃপক্ষ, টেলিযোগাযোগ অধিদপ্তর হলে ০১ (সেট), পিটিডি হলে ০২ (দুই) সেট এবং পিটিডি ব্যতীত অন্য কোনো মন্ত্রনালয়/বিভাগ হলে ০৩ (সেট) করে আবেদন/প্রস্তাব প্রেরণ করা ;
- ৫) যথাস্থানে আবেদনকারীর নাম, অফিসিয়াল আইডি (যদি থাকে), পদনাম ও তারিখসহ স্বাক্ষর, ফোন নম্বর, ই-মেইল ঠিকানা (যদি থাকে) ও টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্তকরণের ক্রমিক নম্বর থাকা;
- ৬) অন্য কোনো রূপ নির্দেশনা না থাকলে আবেদন/প্রস্তাব ও সংযোজনীর জন্য দাপ্তরিক কাজে ব্যবহৃত প্রচলিত A4 সাইজের কাগজ ব্যবহার করা ;
- ৭) সংযুক্তি/সংলাগ ষ্টিকার দ্বারা চিহ্নিত করা;
- ৮) সংযুক্তিসমূহ পূর্বতন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন থাকা;
- ৯) অন্য কোনো রূপ নির্দেশনা না থাকলে আবেদনের সহিত কাগজাদি সংযোজনে জেমস ক্লিপ ব্যবহার না করা; এবং
- ১০) আবেদনের সহিত সংযুক্ত সকল কাগজাদি ভাঁজ পরিহারের লক্ষ্যে portrait shape-এ সাজানো।

৩। অফিস আদেশটি এ অধিদপ্তরের ওয়েবসাইট (www.telecomdept.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

(মোঃ আজম আলী)

পরিচালক (প্রশাসন)

ফোন: ৯৮৩০৪০০

azam.ali@telecomdept.gov.bd

চলমান পাতা-২/২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইন্সটান গার্ডেন, ঢাকা- বিটিসিএল এ কর্মরত ডিওটি'র সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, রোড#১৭, গুলশান-১, ঢাকা- টিবিএল এ কর্মরত ডিওটি'র সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল, ১৯১/বি, বীর উত্তম মীর শওকত সড়ক, ঢাকা- বিএসসিসিএল এ কর্মরত ডিওটি'র সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা, টজী,-১৭১০, গাজীপুর- টেশিস এ কর্মরত ডিওটি'র সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/কারিগরি/রেগুলেটরী), ডিওটি, ঢাকা।
- ৬) সকল জিএম ইঞ্জিঃ, ডিওটি, ঢাকা- অধীনস্থ সকল কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৭) সকল পরিচালক/পরিচালক ইঞ্জিঃ, ডিওটি, ঢাকা- অধীনস্থ সকল কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৮) সকল উপপরিচালক/বিভাগীয় প্রকৌশলী, ডিওটি, ঢাকা- অধীনস্থ সকল কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ✓ ৯) উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন), ডিওটি- আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত।
- ১০) সকল সিনিয়র সহকারী পরিচালক/উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিওটি, ঢাকা- অধীনস্থ সকল কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১১) সকল সহকারী পরিচালক/সহকারী বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, ডিওটি, ঢাকা- অধীনস্থ সকল কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১২) সহকারী পরিচালক (সমন্বয়), ডিওটি, ঢাকা- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৩) অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারী, ডিওটি, ঢাকা।
- ১৪) নথি/মহানথি।

M. Rahman
28.01.2018
(মোঃ মিজানুর রহমান)
উপপরিচালক (নিয়োগ)
ফোন: ৯৮৩০৯৪৪
mizanur.rahman@telecomdept.gov.bd